

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০৫৩.২৩ নথির বিষয়: ৮(আট)টি জ্বলা ও ক্রটিপূর্ণ ২০০ কেভিএ ইলেকট্রিক ট্রান্সফরমার রিওয়াইন্ডিংসহ রিকন্ডিশনিং কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে (লট-১)।
নোট: ১ নোটের বিষয়: ৮(আট)টি জ্বলা ও ক্রটিপূর্ণ ২০০ কেভিএ ইলেকট্রিক ট্রান্সফরমার রিওয়াইন্ডিংসহ রিকন্ডিশনিং কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে (লট-১)।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৩/৬/২৩ ৬:৫৪ অপরাহ্ন

এফ.এম বিভাগ-২ এর আওতাধীন বর্তমানে ৪০৫টি পাম্প-স্টেশনে ২২৫টি ডুয়াল কূপসহ সর্বমোট ৬৩০টির অধিক নলকূপে পাম্প মোটর চালু আছে। প্রতিটি পাম্প-স্টেশনে একটি করে এবং ১১২ টি পাম্প-স্টেশনে বৈদ্যুতিক ডুয়াল সোর্স থাকায় দুইটি করে ট্রান্সফরমার চালু আছে। অর্থাৎ সর্বমোট=৪০৫+১১২=৫১৭টি ট্রান্সফরমার বিভিন্ন পাম্প-স্টেশনে চালু আছে। এই বিপুল সংখ্যক চালু ট্রান্সফরমারের বিপরীতে ভাল অবস্থায় ট্রান্সফরমার মজুদ রাখা প্রয়োজন আছে। চলমান শুষ্ক মৌসুম ও রমজান মাসে ক্রমবর্ধমান পানির চাহিদা পূরণের জন্য প্রায় প্রতিটি পাম্প স্টেশনে ডুয়াল কূপ চালু রাখার জন্য মডস জোন হতে চাহিদা প্রদান করা হচ্ছে। কিন্তু যে সকল পাম্প স্টেশনে ২০০কেভিএ এর নীচের ক্ষমতার সাব-স্টেশন রয়েছে সেখানে ডুয়াল কূপ চালু রাখা সম্ভব হয়না। সে কারণে পানি সংকট মোকাবিলা করার জন্য ১৫০কেভিএ ট্রান্সফরমার পরিবর্তন করে ২০০ কেভিএ ট্রান্সফরমার স্থাপন করতে হচ্ছে। উল্লেখ্য অত্র বিভাগীয় ভান্ডারে ২০২২-২৩ অর্থ বছরের শুরুতে ব্যবহারযোগ্য ট্রান্সফরমারের মজুদ ছিল ৭টি, তাছাড়া চলতি অর্থ বছরে ২লটে ১৬টি ক্রটিযুক্ত ট্রান্সফরমার মেরামত করা হয়েছে। এছাড়াও ভান্ডার বিভাগ হতে গত ০৪/০৪/২৩ইং তারিখে নতুন আরো ৪টি ট্রান্সফরমার সংগ্রহ করা হয়েছে। উল্লেখ্য যে, জুলাই/২২ হতে মে/২৩ পর্যন্ত মোট ২৭টি ট্রান্সফরমার মডস সার্কেল-২ এর বিভিন্ন পাম্প-স্টেশনের সাব-স্টেশনে বিদ্যমান ট্রান্সফরমারের ক্রটিজনিত কারণে ইস্যু করা হয়েছে। তাছাড়া প্রতি মাসেই প্রায় ৩/৪ টি ট্রান্সফরমার বিকল হয়ে সাইট থেকে উত্তোলিত হয়ে অত্র বিভাগীয় ভান্ডারে জমা হয়। অত্র বিভাগে বর্তমানে বিভিন্ন সাইট হতে একেজো অবস্থায় উত্তোলিত মোট ৪৫টি ট্রান্সফরমার রয়েছে (বিবেচ্য সংযুক্তি: সাইট হতে জ্বলা অবস্থায় উত্তোলিত ও পুনঃ মেরামতযোগ্য ট্রান্সফরমারের তালিকা, সদয় দ্রষ্টব্য)। যেগুলো পর্যায়ক্রমে মেরামত করার লক্ষ্যে মেগা ওহম মিটার ও এভোমিটার দ্বারা বিভিন্ন ধরনের পরীক্ষা নিরীক্ষা সহ সার্ভে করা হয়েছে, যাতে দেখা যায় যে, ট্রান্সফরমারগুলোর এইচটি সাইড-ফেজ টু ফেজ কন্টিনিউটি নাই, এলটি-এইচটি কয়েল জ্বলা/আনব্যালাসড, এইচটি-আর্থ-কন্টিনিউটি নাই, এলটি-আর্থ কন্টিনিউটি নাই, এইচটি/এলটি বুশিং-ভাঙ্গা, আই-বোল্ট নাই, তৈল নাই, কনজারভেটর ছিদ্র, গ্যাসকেট লিক সহ বিভিন্ন ধরনের সমস্যা দি রয়েছে। উক্ত সার্ভে রিপোর্টের আলোকে ৮টি ট্রান্সফরমার মেরামত করা হবে (বিবেচ্য সংযুক্তি: মেরামত কাজে প্রস্তাবিত ট্রান্সফরমারের ফিজিক্যাল সার্ভে রিপোর্ট, সদয় দ্রষ্টব্য)। উল্লেখ্য ২০ বছরের অধিক পুরাতন ট্রান্সফরমারগুলি মেরামত করলেও কোর এবং কয়েলের বিভিন্ন ধরনের লস (Core loss, Copper loss, Hysteresis loss, Eddy current loss) বেড়ে যাওয়ার ফলে ইফিসিয়েন্সী হ্রাস পায়। উল্লেখ্য বর্তমানে একটি নতুন ২০০ কেভিএ ট্রান্সফরমারের বাজার মূল্য ৫(পাঁচ) লক্ষ টাকার অধিক। সে কারণে আর্থিক ও কারিগরী বিবেচনায় ২০ বছরের অধিক পুরাতন ট্রান্সফরমারগুলি মেরামত না করে ম্যানুফেকচারিং ইয়ার হতে ২০ বছরের কম পুরাতন ট্রান্সফরমারগুলো রিওয়াইন্ডিংসহ মেরামত করা লাভজনক ও টেকসই হবে। সে লক্ষ্যে ৮টি ট্রান্সফরমার রিকন্ডিশনিং-রিওয়াইন্ডিং করার জন্য (বিবেচ্য সংযুক্তি: মেরামত প্রস্তাবিত ৮টি ট্রান্সফরমারের টেকনিক্যাল সার্ভে রিপোর্ট, সদয় দ্রষ্টব্য) প্রয়োজনীয় খুচরা মালামাল সরবরাহ ও স্থাপন, তৈল পরিবর্তন সহ আনুষঙ্গিক মেরামত-রক্ষণাবেক্ষণ কাজ করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল, (বিবেচ্য সংযুক্তি: পূর্বানুমোদিত দরের কপি, সদয় দ্রষ্টব্য) এর ভিত্তিতে (বিবেচ্য সংযুক্তি: কারিগরি প্রতিবেদন, সদয় দ্রষ্টব্য) মোতাবেক একটি (বিবেচ্য সংযুক্তি:

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা




প্রাক্কলন, সদয় দ্রষ্টব্য) উপস্থাপন করা হয়েছে। যাতে পুরাতন ও ব্যবহার অযোগ্য মালামালের মূল্য বাদে টাকার পরিমাণ দাঁড়িয়েছে=৯,৯৭,৬৪৯.২৬৬/- (নয় লক্ষ সাতানব্বই হাজার ছয়শত ঊনপঞ্চাশ দশমিক দুই ছয় ছয়) টাকা মাত্র। বর্তমানে ট্রান্সফরমারের পুরাতন তেলের কোন বাজার মূল্য না থাকায় রিসেল ভ্যালু নির্ধারণ করা যায়নি। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২২-২৩ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের "পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত" হতে নির্বাহ করা যেতে পারে এবং ২০২৩-২৪ অর্থ বৎসরের ক্রয়-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে (বিবেচ্য সংযুক্তি: এফএম বিভাগ-২ এর ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত এবং ২০২৩-২৪ অর্থ বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দ পত্রের কপি, সদয় দ্রষ্টব্য)। আলোচ্য প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৩/৬/২৩ ৬:৫৫ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় ৬৩ বিধি অংশ-২ এর অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM-e-GP) আহবান করা যেতে পারে।


অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৩/৬/২৩ ৬:৫৭ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে ৮(আট) টি বিভিন্ন ব্র্যান্ডের ২০০ কেভিএ ক্যাপাসিটির জ্বলা ও ত্রুটিপূর্ণ ট্রান্সফরমার রি-ওয়াইন্ডিংসহ রিকন্ডিশনিং কাজ (লট-১) করার লক্ষ্যে উপস্থাপিত মোট =৯,৯৭,৬৪৯.২৬৬/- (নয় লক্ষ সাতানব্বই হাজার ছয়শত ঊনপঞ্চাশ দশমিক দুই ছয় ছয়) টাকা মাত্র, টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM-e-GP) আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

			
১৩/৬/২৩ ৭:১৮ অপরাহ্ন মোহাম্মদ শাহাদাত হোসেন উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	১৩/৬/২৩ ৮:২৮ অপরাহ্ন রিয়াদ আহমেদ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-২	১৩/৬/২৩ ৯:১৬ অপরাহ্ন সুজন চন্দ্র বর্মিন নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	১৪/৬/২৩ ১১:১৫ পূর্বাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল
			
			১৫/৬/২৩ ৫:৩৯ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
			
			১৫/৬/২৩ ৫:৩৯ পূর্বাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১৬/৬/২৩ ১০:০২ পূর্বাহ্ন

Forwarded for the approval of note 1.2.

	
১৬/৬/২৩ ১০:০২ পূর্বাহ্ন এ. কে. এম. সহিদ উদ্দিন উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ড এম) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর	১৬/৬/২৩ ১০:০২ পূর্বাহ্ন প্রকৌশলী তাকসিম এ-খান ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

ঢাকা ওয়াসা

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২৪/৬/২৩ ২:২২ অপরাহ্ন

Okay

২৪/৬/২৩ ২:২২ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২৪/৬/২৩ ২:৩৭ অপরাহ্ন
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

২৪/৬/২৩ ৫:১২ অপরাহ্ন
রিয়াদ আহমেদ
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-২

২৪/৬/২৩ ৫:১৫ অপরাহ্ন
মোহাম্মদ শাহাদাত হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২

অনুচ্ছেদ: ১.৫

দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

২৪/৬/২৩

SAC

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা